আলমডাঙ্গায় মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযান : একজনকে কারাদন্ড

আলমডাঙ্গার গড়চাপড়া গ্রামের শুভ রহমান (২৮) নামের এক গাঁজা ব্যবসায়ীকে ৩ মাসের বিনাশ্রম কারাদন্ড দিয়েছে ভ্রাম্যমাণ আদালত।

আজ বৃহস্পতিবার চুয়াডাঙ্গা মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর নির্বাহী ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে অভিযান চালিয়ে আসামীকে তার বাড়ি থেকে গাঁজাসহ আটক করে। পরে ভ্রাম্যমাণ আদালতে বিচারে তাকে সাজা দেয়া হয়।

সাজাপ্রাপ্ত আসামী শুভ রহমান জেহালা ইউনিয়নের গড়চাপড়া পূর্বপাড়ার ইয়াজউদ্দিন কালুর ছেলে।

জানা গেছে,চুয়াডাঙ্গা মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের নেতৃত্বে ও মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক নাজমুল হোসেন খান ও উপ-পরিদর্শক সাহারা ইয়াসমিনসহ জেহালা ইউনিয়নের গড়চাপড়া গ্রামে মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন। অভিযানেকালে শুভ রহমানকে তার নিজ বাড়ি থেকে ৫০ গ্রাম গাঁজাসহ আটক করা হয়। আটকের পর এক্সিকিউট ম্যাজিস্ট্রেট আসামীকে ৩ মাসের বিনাশ্রম কারাদন্ড ও ২শ’ টাকা জরিমানা করেন।

মেহেরপুরে মাদক পাচার ও পাচার মোকাবেলায় সমন্বিত কৌশল বিষয়ক কর্মশালা

বাংলাদেশ সীমান্তবর্তী বত্রিশটি জেলার মাদক পাচারের চিত্র এবং পাচার মোকাবেলায় সমন্বিত কৌশল নির্ধারণ বিষয়ক গবেষণা কাজের জন্য মেহেরপুরে জেলা পর্যায়ে কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সুরক্ষা সেবা বিভাগ ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহযোগিতায় ও স্টেপস্ টুয়ার্ডস ডেভেলপমেন্ট এর বাস্তবায়নে সুবাহ্ সামাজিক উন্নয়ন সংস্থা এ কর্মশালার আয়োজন করে।

আজ রবিবার (২৯ মে) দুপুরে মেহেরপুর সদর উপজেলার স্থানীয় সংস্থা সুবাহ্ সামাজিক উন্নয়ন সংস্থার প্রশিক্ষণ কক্ষে এ কর্মশালা অনুষ্ঠিত হয়।জেলা শিল্পকলা একাডেমীর সাধারণ সম্পাদক সাইদুর রহমানের সভাপতিত্বে কর্মশালায় স্বাগত বক্তব্য রাখেন, স্টেপস্ টুয়ার্ডস ডেভেলপমেন্টের প্রতিনিধি মোঃ ইমাম হোসেন।

সুবাহ্ সংস্থার নির্বাহী পরিচালক মঈন-উল-আলমের সঞ্চালনায় কর্মশালায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, সদর উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বিপ্লব কুমার কুন্ডু, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক মোঃ আব্দুল মান্নান, রঘুনাথপুর কলোনিপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জাহিদুল ইসলাম, আমঝুপি আলীম মাদ্রাসার সহকারী শিক্ষক শফিকুল ইসলাম, আমঝুপি শিশু কিশোর সংগঠনের প্রতিষ্ঠাতা আসাদুজ্জামান লিটন, সমাহার নারী কল্যাণ সমিতির প্রতিষ্ঠাতা কাজল রেখা প্রমুখ। কর্মশালায় বত্রিশটি জেলার মাদক পাচারের চিত্র এবং পাচার মোকাবেলায় সমন্বিত কৌশল নির্ধারণ বিষয়ক নানা দিক আলোচনা করা হয়।